DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 15 Aug 2026, 11:35 PM

বিনোদন

# ধারাবাহিক নাটকে ফিরছেন সুমাইয়া শিমু

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৯ জুলাই ২০২৬, ১২:১৮ PM



একটা সময় নাটকের নিয়মিত অভিনেত্রী ছিলেন সুমাইয়া শিমু। একক কিংবা ধারাবাহিক দুই ধরনের নাটকেই তার জনপ্রিয়তা ছিল ঈর্ষণীয়। অভিনয়ে মুগ্ধতাও ছড়িয়েছেন বরাবরই। তবে ব্যক্তিগত কারণে অনেক দিন ধরে অভিনয়ে অনিয়মিত তিনি।

মাঝে নুহাশ হুমায়ূনের ‘২ষ’ সিরিজের ‘বেসুরা’ পর্ব দিয়ে অভিনয়ে ফিরেছেন শিমু। তখনই জানিয়েছিলেন, পছন্দসই কাজ পেলে নিশ্চয়ই অভিনয় করবেন তিনি।

এবার ধারাবাহিক নাটকে ফিরছেন শিমু। তাও আবার মুহাম্মদ মোস্তফা কামাল রাজের নির্মাণে। ‘ফিরে আসার গল্প’ নামের নতুন এই ধারাবাহিকে ‘রুকাইয়া’ চরিত্রে অভিনয় করবেন শিমু।

বৃহস্পতিবার ‘ফিরে আসার গল্প’-তে সুমাইয়া শিমুর লুক প্রকাশ করে প্রযোজনা প্রতিষ্ঠান সিনেমাওয়ালা এন্টারটেইনমেন্ট। যদিও এখনই এই নাটক কিংবা নিজের চরিত্রটি নিয়ে কথা বলতে নারাজ অভিনেত্রী। নির্মাতা রাজও রয়েছেন চুপ।

সাম্প্রতিক সময়ে রাজের নির্মাণে □এটা আমাদেরই গল্প□ ধারাবাহিকটি বিপুল জনপ্রিয়তা পেয়েছিল। সেটারই ধারাবাহিকতায় এবার □ফিরে আসার গল্প□ বানাচ্ছেন তিনি। এখন চলছে শুটিংয়ের প্রস্তুতি। শুটিং শুরু হবে আগামী মাসে। এতে শিমুর আর কারা অভিনয় করবেন, তাদের সঙ্গে এক এক করে পরিচয় করিয়ে দেবেন নির্মাতা।

উল্লেখ্য, সুমাইয়া শিমুর ক্যারিয়ারে বেশ কিছু দর্শকনন্দিত ধারাবাহিক নাটক রয়েছে। যেমন □হাউজফুল□, □এফএনএফ□, □ললিতা□, □বিহাইন্ড দ্য সিন□, □ফাঁদ ও বগার গল্প□ ইত্যাদি।

---

## এ বিভাগের আরও খবর



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

**ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ**
একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



**শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা**
শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...



**সৌন্দর্য ধরে রাখতে নিজেদের গর্ভফুল গ্রহণ করেছেন যেসব সেলিব্রেটি**

চিরযৌবন ও সৌন্দর্য ধরে রাখার আকাঙ্ক্ষা মানুষের বহু পুরোনো। বিশেষ করে নারীদের সৌন্দর্যচর্চা ঘিরে ইতিহাসে রয়েছে নানা বিস্ময়কর ঘটনা। সময়ের সঙ্গ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/dharabahik-natke-firchhen-sumaiya-shimu